



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

জনসংযোগ পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
টেলিফোনঃ ০২-৮৯০০৩১৭  
ই-মেইলঃ prdreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.৯৩.০০৫.২৪. ২১৪

তারিখ: ২১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
২৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার  
পল্লী বিদ্যুৎ সমিতি (সকল)

**বিষয়ঃ সম্মানিত গ্রাহকগণের অবগতির জন্য বার্তা প্রচার প্রসঙ্গে।**

বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত বার্তাটি সম্মানিত গ্রাহকগণের অবগতির জুড়্য স্থানীয় ডিশ চ্যানেলে, বিদ্যুৎ বিলের সাথে, মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়, স্কুল, কলেজ, মাদ্রাসা এবং বাজারসমূহে লিফলেট আকারে, পল্লী বিদ্যুৎ সমিতির সকল দৃশ্যমান স্থানে ব্যানার আকারে টানিয়ে, উঠান বৈঠকের মাধ্যমে এবং সকল পবিসের ওয়েবসাইট ও ফেসবুক পেইজ-এ প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**বার্তা**

**সম্মানিত গ্রাহকগণের অবগতির জন্যঃ**

- ০১। গ্রাহক প্রান্তে পল্লী বিদ্যুতের সংযোগের জন্য মিটার, সার্ভিস ড্রপ সম্পূর্ণরূপে বিনামূল্যে পল্লী বিদ্যুৎ সমিতি হতে প্রদান করা হয়;
- ০২। পল্লী বিদ্যুতের আবাসিক সংযোগের ক্ষেত্রে ১ পোল, শিল্প সংযোগের জন্য ২ পোল ও ৮০ কিলোওয়াট লোড পর্যন্ত ট্রান্সফরমার সম্পূর্ণরূপে বিনামূল্যে পল্লী বিদ্যুৎ সমিতি হতে প্রদান করা হয়;
- ০৩। প্রাকৃতিক ও কারিগরী ত্রুটিতে মিটার এবং সার্ভিস ড্রপ নষ্ট হলে পল্লী বিদ্যুৎ সমিতি থেকে তা সম্পূর্ণ বিনামূল্যে প্রতিস্থাপন করে দেয়া হয়। সার্ভিস ড্রপ তার পল্লী বিদ্যুৎ সমিতিতে মজুদ না থাকলে নির্ধারিত মানের তার গ্রাহক নিজে ক্রয় করবে এবং পরবর্তীতে ক্রয়ের মূল্য নিয়মানুযায়ী গ্রাহকের বিদ্যুৎ বিলের সাথে সমন্বয় করে ফেরৎ দেবে পল্লী বিদ্যুৎ সমিতি;
- ০৪। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও পল্লী বিদ্যুৎ সমিতি জনগণের সেবক। রশিদ ব্যতীত কোন প্রকার আর্থিক লেনদেন করবেন না;
- ০৫। যেকোন প্রয়োজনে আপনার নিকটস্থ পল্লী বিদ্যুৎ সমিতির অফিসে যোগাযোগ করুন। ২৪ ঘন্টা সহযোগিতা ও তথ্য সেবা পাওয়ার জন্য যোগাযোগ করুন- ১৬৮৯৯ নাম্বারে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে।

  
২৭/১০/২৪  
(মোঃ শফিকুর রহমান)  
পরিচালক

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

- ০১। সকল অফিস প্রধান, বাপবিবো
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বার্তাটি বাপবিবো'র ওয়েবসাইট ও WhatsApp গ্রুপসহ সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা
- ০৪। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন), বাপবিবো, ঢাকা